বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/১২৫ তারিখঃ ২৯ জুলাই ২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ, ২৮ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-৩০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ডিওএস সার্কুলার লেটার ৩০ এর নির্দেশনা মোতাবেক ১ ও ৪ আগষ্ট ২০২১ বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/কার্যালয় বন্ধ থাকবে। বাংলাদেশ কৃষি ব্যাংক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর ১৪-০৭-২০২১ তারিখের পত্র নং ৫৪ এবং বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন করে ২, ৩ ও ৫ আগস্ট ২০২১ সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত ব্যাংকিং লেনদেন এবং অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য খোলা থাকবে।

০৩। এছাড়াও শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর ১৮-০৭-২০২১ তারিখের ৬৫ নং পত্রের নির্দেশনা অনুযায়ী ছুটিকালীন সময়ে শাখার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং এটিএম (ATM) বুথসমুহে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

২৯/০৭/২০২১
(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/১২৫ তারিখঃ ২৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রের নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২৯/০৭/২১
(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-৩০

তারিখ ঃ ১৩ শ্রাবণ ১৪২৮ / ২৮ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরিউক্ত বিষয়ে ১৩ জুলাই ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুল্যার লেটার নং-২৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় ১ ও ৪ আগস্ট ২০২১ তারিখে সকল ব্যাংক বন্ধ থাকবে।

০৩। ২, ৩ ও ৫ আগস্ট ২০২১ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ণ ২:৩০ ঘটিকা পর্যন্ত | অপরাহ্ণ ৪:০০ ঘটিকা পর্যন্ত। |

০৪। ১৩ জুলাই ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৯ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩